

2016

**ELECTIVE BENGALI**

Full Marks : 100

Pass Marks : 33

Time : Three Hours and \*Fifteen Minutes

(\*15 minutes are given as extra time for reading questions)

All questions are compulsory.

Question Nos. 1, 2, 3 & 4 are multiple choice type.

- ১। “সতত, হেনদ তুমি পড় মোর মনে।”—নদটির নাম ১
- (ক) ব্রহ্মপুত্র।
- (খ) কপোতাক্ষ।
- (গ) সিন্ধু।
- ২। হারু ঘোষের ছেলে ন্যাপলাকে দংশন করেছিল — ১
- (ক) গোখরো সাপ।
- (খ) চন্দ্রবোড়া সাপ।
- (গ) শঙ্খচূড় সাপ।

- ৩। ত্রিপুরার যুবরাজের নাম — ১
- (ক) চন্দ্রমাণিক্য।
- (খ) অমর মাণিক্য।
- (গ) গোবিন্দ মাণিক্য।
- ৪। কাদম্বিনীর স্বামীর নাম — ১
- (ক) বিপিন।
- (খ) নবীন।
- (গ) রমেন।
- ৫। 'কন্যা দেখি দ্বিজ কিবা হইল অজ্ঞান'।— কন্যাটি কে ? ১
- ৬। 'পেঙ্গুইনের পঙ্গুদলে বিজ্ঞ ভাবে রয় চেয়ে,'— পেঙ্গুইন কী ? ১
- ৭। 'যদি হৃৎপিণ্ড শুধু হতাশার ডম্বরু বাজায়।'— 'ডম্বরু' কী ? ১
- ৮। 'ইহার মধ্যে কৈকেয়ীর কার্য্য স্বার্থপর এবং নৃশংস বলিয়া চিরপরিচিত।'— কৈকেয়ী কে ? ১
- ৯। বাতাসে কোন গ্যাসের পরিমাণ অল্প অক্সিজেন না নাইট্রোজেন ? ১
- ১০। 'কৃষ্ণচন্দ্রের মনোরঞ্জন করতে বাধ্য না হলে তিনি বিদ্যাসুন্দর রচনা করতেন না।' — কৃষ্ণচন্দ্রের মনোরঞ্জন করার জন্য কে বিদ্যাসুন্দর কাব্য রচনা করেছিলেন ? ১
- ১১। 'সেনাপতি সাহেবের সরল ভৎসনা ওঁর সাদা দাড়ির মতো সমস্তই কেবল ওঁর মুখে।'— সেনাপতির নাম কী ? ১
- ১২। 'এই বার কুমারদের সেই যুদ্ধে পাঠানো হোক।'— কার সঙ্গে যুদ্ধ করার জন্য কুমারদের পাঠাতে বলা হয়েছে ? ১
- ১৩। 'আমার এই পাঁচহাজার সৈন্য নিয়েই আমি যুদ্ধে জিতব এবং আমি একলাই জিতব।'— কার উক্তি ? ১

- ১৪। 'আমার ভাই হামচু রয়েছে সৈন্যেরা তাকেই রাজা করবে, যুদ্ধ যেমন চলছিল তেমনি চলবে।'— হামচু  
কার ভাই ? ১
- ১৫। 'মুকুট' নাটকটি কয় অঙ্কে বিভক্ত ? ১
- ১৬। 'আমরা তাঁর হাতিকে দেখেছি — হাওদা খালি, মাছত নেই। প্রভুকে হারিয়ে সে ঘুরে ঘুরে বেড়াচ্ছে।' —  
কার হাতি যুদ্ধক্ষেত্রে এভাবে ঘুরে বেড়াচ্ছিল ? ১
- ১৭। 'সে দাসদাসী রাখিয়া লোকজন খাওয়াইয়া, জাঁকজমকে থাকিতে ভালবাসে।'— কে জাঁকজমকে  
থাকতে ভালবাসে ? ১
- ১৮। 'বিপিন..... মনে মনে স্ত্রীর উপর এবং বিশেষ করিয়া ঐ গলগ্রহ দুর্ভাগাটার উপর আজ মর্মান্তিক চটিয়া  
গেলেন।' 'গলগ্রহ দুর্ভাগা বলতে কাকে বুঝানো হয়েছে ? ১
- ১৯। 'উমার উৎকণ্ঠিত দৃষ্টি, শঙ্কিত মুখের ইশারা তাহার চোখে পড়িল।'— উমা কে ? ১
- ২০। মেজদিদির আরোগ্য কামনায় কেঁস্ট কোন ঠাকুরের পূজো দিয়েছিল ? ১
- ২১। সমগ্র বা আংশিক অর্থ পরিস্ফুটনের জন্য ধ্বনি প্রবাহে যে উচ্চারণ বিরতি তাকে কী বলে ? ১
- ২২। একই শব্দ একই স্বরধ্বনি সমেত ভিন্ন ভিন্ন অর্থে একাধিকবার ব্যবহৃত হলে কী অলঙ্কার হয় ? ১
- ২৩। 'যেন লেখা হয় আমার রক্ত লেখায় তাদের সর্বনাশ।' — কবি কাদের সর্বনাশের কথা বলেছেন ? ২
- ২৪। 'মানুষের দেহমনের সকল প্রকার ক্রিয়ার মধ্যে ক্রীড়া শ্রেষ্ঠ।'— লেখক কেন ক্রীড়াকে শ্রেষ্ঠ  
বলেছেন ? ২
- ২৫। 'তীরে যখন তোমার নাম লেখা আছে তখন তোমাকে পুরস্কার দিতেই আমি বাধ্য।' — লক্ষ্যে বিদ্ব  
তীরে কার নাম লেখা ছিল ? পুরস্কার হিসেবে কী দেওয়া হয়েছিল ? ২
- ২৬। 'যা কেঁস্ট, তোর দিদির বাড়িতে গিয়ে থাকগে।' — কারা কেঁস্টকে একথা বলেছিলেন ? কেন  
বলেছিলেন ? ২
- ২৭। 'তাকে এ বাড়িতে আনবার দরকার কি ? যেখানে আছে সেখানেই থাক না।' — কে কাকে তার  
বাড়িতে আনতে চান ? ২

- ২৮। যতি কয় প্রকার ও কী কী ? ২
- ২৯। 'লয় মনে এই জনে বিন্ধিবেক লক্ষ্য।' — কে লক্ষ্যভেদ করতে পারবেন বলে ধারণা করা হচ্ছে ? কী উদ্দেশ্যে কোথায় এই লক্ষ্যভেদ করার সভা বসেছিল ? ৩
- ৩০। 'তোমার কান্নার সুরে বেতের ফলের মতন তার ম্লান চোখ মনে আসে।' — ব্যাখ্যা কর। ৩
- ৩১। 'চিরকাল মনুষ্য অত্যাচার পীড়িত।' — 'ভালোবাসার অত্যাচার' প্রবন্ধে উল্লিখিত চতুর্বিধ পীড়নের পরিচয় দাও। ৩
- ৩২। 'আমি দেখতে পাচ্ছি আল্লার দুতেরা এক এক সময় ঘুমিয়ে পড়ে, শয়তান তখন সমস্ত হিসাব উল্টা করে দিয়ে যায়।' — কোন ঘটনার প্রসঙ্গে কে এই কথাগুলি বলেছেন ? ৩
- ৩৩। 'এ হাতির খোরাক নিত্য যোগাতে গেলে যে আমাদের আড়ত খালি হয়ে যাবে।' — কে কোন প্রসঙ্গে একথা বলেছিলেন ? ৩
- ৩৪। শব্দালঙ্কার ও অর্থালঙ্কার এর সংজ্ঞা লিখ। ৩
- ৩৫। 'বংশীনাদে' কবিতা অবলম্বনে রাধার চিত্তব্যাকুলতার পরিচয় দাও। ৮
- ৩৬। রবীন্দ্রনাথ ঠাকুর কাদের 'পনেরো আনা' বলেছেন ? সংসারে এদের সার্থকতার বিষয়ে রবীন্দ্রনাথ ঠাকুরের অভিমত ব্যাখ্যা কর। ৮
- ৩৭। অন্ধ বিশ্বাস ও কুসংস্কার মানুষকে কিভাবে বিভ্রান্ত করে 'দিবা দ্বিপ্রহরে' গল্পের মাধ্যমে বনফুল সেটাই বোঝাতে চেয়েছেন। — আলোচনা কর। ৮
- ৩৮। 'মুকুট' নাটকের ইন্দ্রকুমার চরিত্রটি বিশ্লেষণ কর। ৮
- ৩৯। 'মেজদিদি' উপন্যাসের হেমাঙ্গিনী চরিত্রটি বিশ্লেষণ কর। ৮
- ৪০। অক্ষরবৃত্ত বা তানপ্রধান ছন্দ কাকে বলে ? উদাহরণসহ এই ছন্দের বৈশিষ্ট্য আলোচনা কর। ৮